Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৪ মাঘ ১৪৩১

# DU in Media

07 February 2025

## নয়া দিগন্ত

### ঢাবি ভিসির সাথে যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসির সাক্ষাৎ

যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ওসামা খান গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের মধ্যে ব্যবসায় ■ ৪র্থ পৃ: ২-এর কলামে

### ঢাবি ভিসির সাথে যুক্তরাজ্যের

৩য় পৃষ্ঠার পর

শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং ফার্মেসি বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম চালুর ব্যাপারে আলোচনা করেন। জ্ঞান ও অভিজ্ঞতা আদান-প্রদান এবং অ্যাকাডেমিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়।

এ ছাড়া, দুই বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য অনলাইন ক্লাস এবং তরুণ শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়। শিগগিরই এ বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্যে পৌঁছেন। বিজ্ঞপ্তি।



যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ওসামা খান ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সাথে সাক্ষাৎ করেন ■ নয়া দিগন্ত

## দৈনিক বর্তমান



যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ওসামা খান বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন -বর্তমান

### ঢাবি উপাচার্যের সঙ্গে যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি

যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ওসামা খান বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের অ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের মধ্যে ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং ফার্মেসী বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম চালুর ব্যাপারে আলোচনা করেন। জ্ঞান ও অভিজ্ঞতা এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ঢাবি উপাচার্যের সঙ্গে

আদান-প্রদান এবং একাডেমিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়।

এছাড়া, দু'বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য অনলাইন ক্লাস এবং তরুণ শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়। শিগগিরই এ বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্যে পৌঁছেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## The Bangladesh Post

# Aston University deputy VC calls on DU VC

*Education Desk*



The Deputy Vice-Chancellor of Aston University, Prof. Osama Khan, paid a visit to Dhaka University on Thursday and met with the Vice-Chancellor, Prof. Dr. Niaz Ahmed Khan, at his office. The meeting focused on exploring potential academic and research collaborations between the two prestigious institutions.

One of the key points of discussion was the possibility of forming joint initiatives in business, science and technology, and pharmacy. Both universities expressed their willingness to engage in mutually beneficial partnerships, with an emphasis on enhancing the academic experiences of students, researchers, and faculty members at both institutions.

During the meeting, the two leaders also explored opportunities for facilitating exchanges of students, faculty, and researchers between Dhaka University and Aston University. They believe such exchanges would foster a deeper connection between the institutions and encourage the sharing of knowledge and expertise across various disciplines. In addition to academic exchanges, they also discussed organizing professional development programs, particularly training sessions for young faculty members to improve their teaching and research capabilities.

Moreover, the idea of conducting online classes for Dhaka University students through collaborative efforts between both universities was also explored. This initiative aims to provide DU students with access to international resources and education, further broadening their academic horizons.

Both Prof. Khan and Prof. Dr. Khan agreed on the importance of formalizing their discussions through a Memorandum of Understanding (MoU) soon. This agreement is expected to pave the way for a more structured partnership between the two universities, strengthening academic ties and promoting knowledge-sharing initiatives.

Prof. Dr. Niaz Ahmed Khan expressed his gratitude to Prof. Osama Khan for his visit and interest in Dhaka University's academic and research activities.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৪ মাঘ ১৪৩১ DU in Media 07 February 2025

## দৈনিক বর্তমান



# ঢাবি পপুলেশন সায়েন্সেস বিভাগের নবীন বরণ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীন বরণ বৃহস্পতিবার অধ্যাপক মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক এ এইচ এম কিশোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের সহকারী অধ্যাপক শাফায়াত সুলতান শুভেচ্ছা বক্তব্য দেন। অনুষ্ঠান সঞ্চালন করেন বিভাগের শিক্ষার্থী প্রাপ্তি রায় ও আবদুল্লাহ আল মাসরুর হামিম। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাওয়ায় নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, দক্ষ মানব-সম্পদ হিসেবে গড়ে উঠতে শিক্ষার্থীদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তুলতে হবে। মানুষের সঙ্গে সুসম্পর্ক স্থাপন, অন্তত একটি বিদেশি ভাষায় দক্ষতা অর্জন এবং জাতীয় ও আন্তর্জাতিক নানা বিষয়ে সচেতন থাকার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, পড়াশোনার পাশাপাশি এখানে সহশিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণের বড় সুযোগ রয়েছে। সে সুযোগকে কাজে লাগিয়ে নিজেকে তৈরি করতে হবে। অভিভাবকদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক আরও জোরদার করার উপর তিনি গুরুত্বারোপ করেন।